তারিখ ... 15 AUG 2015 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ......

সংবাদ

# জামালপুরে কোচিং সেন্টারে পাঁচ শিক্ষার্থীকে পিটিয়ে আহত

**প্রতিনিধি, জামালপুর**

তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে জামালপুর শহরের শুভেচ্ছা কোচিং সেন্টারের পরিচালক সপ্তম শ্রেণীর ৫ জন শিক্ষার্থীকে পিটিয়ে আহত করেছে। আহতরা তারা প্রত্যেকেই জামালপুর জেলা স্কুলের সপ্তম শ্রেণীর শিক্ষার্থী। শিক্ষার্থীদের মধ্যে হাসনাইন খোরশেদ (১২) মাইনুল ইসলাম রাহাত (১২) সাদিক ইয়াসিন নূর (১৩) মেহেদী হাসান (১২) এবং হাসিবুল কবির (১২)। তারা প্রত্যেকেই জামালপুর জেলা স্কুলের সপ্তম শ্রেণীতে পড়ুয়া শিক্ষার্থী। আহতরা জানায়, গত ১৩ আগস্ট দুপুরে জেলা স্কুল ছুটির পর অন্যান্য দিনের মত শুভেচ্ছা কোচিং সেন্টারে পড়তে আসে। অতিরিক্ত গরমের কারণে শিক্ষার্থীরা কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে কোচিং সেন্টারের একটি জানালা খুলে দেয়। তখন ওই জানালার পার্শ্বের কক্ষে কিছু মেয়ে শিক্ষার্থী পড়ছিল। একারনে শুভেচ্চা কোচিং সেন্টারের পরিচালক প্রকাশ চন্দ্র সরকার ক্ষিপ্ত হয়ে ৫শিক্ষার্থীকে বেধড়ক পিটুনী দিয়ে আহতবস্থায় শিক্ষার্থীদের বিনা চিকিৎসায় ছেড়ে দেয়। পরে আহত শিক্ষার্থীরা জামালপুর সরকারি জেলা উচ্চ বিদ্যালয়ে গিয়ে প্রধান শিক্ষককে বিষয়টি অবহিত করে। প্রধান শিক্ষক নাছিমা আক্তার আহত শিক্ষার্থীদের দেখে তাৎক্ষণিকভাবে প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করে এবং শিক্ষার্থীদের অভিভাবক ও জেলা প্রশাসককে বিষয়টি অবহিত করেন। পরে অভিভাবকগণ আহত সন্তানের অবস্থা দেখে জেলা প্রশাসকের নিকট লিখিত অভিযোগ জেলা স্কুলের প্রধান শিক্ষকের মাধ্যমে প্রেরণ করেন। এ ব্যাপারে শুভেচ্ছা কোচিং সেন্টারের পরিচালক প্রকাশ চন্দ্র সরকার বলেন, পার্শ্বের কক্ষে মেয়েরা অধ্যয়নরত অবস্থায় একটি জানালা খুলে দেয়। একারণে তাদের প্রহার করেছি। তবে এত শক্তভাবে লাগবে তা তিনি বুঝে উঠতে পারেননি বলে জানান। জামালপুর জেলা স্কুলের প্রধান শিক্ষক নাছিমা আক্তার জানান, আহতরা প্রত্যেকেই তার প্রতিষ্ঠানের শিক্ষার্থী। কিন্তু ঘটনাটি ঘটিয়েছে বাইরের একটি কোচিং সেন্টারের। তাই তিনি স্থানীয় প্রশাসনকে বিষয়টি অবহিত করেছেন। এছাড়াও কচিকাচা শিক্ষার্থীদের পিটুনীর বিষয়ে তিনি তীব্র নিন্দা জানান।